

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৬

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৯. কোনো শিকারের কর্তিত অঙ্গ (-এর হকুম)

بَابِ فِي الصَّيْدِ يَبْيَنُ مِنْهُ الْعُضُوُّ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ حَدَّثَنَا زَيْدٌ  
بْنُ أَسْلَمَ قَالَ عَبْدُ الرَّحْمَنِ أَحْسَبُهُ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِيهِ وَأَقِدَ الْلَّيْثِي قَالَ قَدَمَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَالنَّاسُ يَجْبُونَ أَسْنِمَةَ الْإِبْلِ وَأَلْيَاتِ الْغَنَمِ  
فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا قُطِعَ مِنْ بَهِيمَةٍ وَهِيَ حَيَّةٌ فَهُوَ مَيْتَةٌ

বাংলা

২০৫৬. আবু ওয়াকীদ লায়ছী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় যখন আগমন করলেন, সেইসময়ে সেখানকার লোকেরা (জীবন্ত) উটের কুজ ও মেষের পেছনের মাংস পিণ্ড কেটে খেত। তিনি বললেন: কোন জীবন্ত পশুর কর্তিত অংশ মৃত বলে গণ্য। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ বুখারীর শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৪৫০।

((আবু দাউদ, আযাহি ২৮৫৮; তিরমিয়ী, সাইদ ১৪৮০; আহমাদ ৫/৩১৮; হাকিম ৪/১২৪, ২৩৯।- ফাওয়ায় আহমেদের তাহকীকৃত দারেমী নং ২০১৮ এর টীকা হতে।-অনুবাদক।))

এছাড়াও এটি বর্ণনা করেছেন, তাবারাণী, কাবীর ৩/২৪৮ নং ৩৩০৪; তাহাবী, মুশকিলিল আছার ১/৪৯৬; বাইহাকী, তাহারাত ১/৩২; সাইদ ওয়ায় যাবাইহ ৯/২৪৫; আরও দেখুন, নাসবুর রায়াহ ৪/৩১৭; তালখীসুল হাবীর ১/২৮; বাগাবী, শারভুস সুন্নাহ ১১/২০৩; ইবনু আব্দুল বারর, আত তামহাদ ৭/২১৯-২২০; রায়ী, ইলালুল হাদীস

১৪৭৯; মুসল্লাফ আব্দুর রায়যাক নং ৮৬১১-৮৬১২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82339>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন